ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




যে কারণে ইন্ডাস্ট্রিকে অমানবিক বললেন বিদ্যা বালান
পৃঃ ৫



নিলামের আগেই পার্থিবকে কোচ করে আনল গুজরাট
পৃঃ ৬


Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩১৫ ● কলকাতা ● ০৭ অগ্রহায়ণ, ১৪৩১ ● শনিবার ● ২৩ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## মন্দারমণির শতাধিক হোটেল নিয়ে বড় নির্দেশ বিচারপতি অমৃতা সিনহার





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মন্দারমণিতে ১৪০টি হোটেল, রেস্তোরাঁ ভেঙে ফেলতে হবে, এমনই নির্দেশ দিয়েছিলেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেই নির্দেশ নিয়ে সরব হলেও জেলাশাসকের নোটিস নিয়ে উদ্বেগে ছিলেন মন্দারমণির ব্যবসায়ীরা। তাঁরা মামলাও করেন কলকাতা হাইকোর্টে। শুক্রবার সেই মামলায় কী হয়, সেদিকে তাকিয়ে ছিলেন তাঁরা।এদিকে, আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় জানান, গ্রিন ট্রাইব্যুনাল একটি কমিটি তৈরি করেছিল একটি আগেই। তবে তাঁর দাবি, ট্রাইব্যুনালে ৬ জন থাকা উচিত, কিন্তু এ ক্ষেত্রে ৫ জন ছিলেন, যা আইনি নয়। এছাড়া, আইনজীবীর বক্তব্য, কোনটা ভাঙতে হবে সেটা ট্রাইব্যুনালই ঠিক করবে। এক্ষেত্রে কমিটির কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে, সেটাও ঠিক নয়। তাঁর মতে, একটিও বেআইনি নির্মাণ হয়নি। তিনি বলেন, ওযখন হোটেল তৈরি হয়েছে, তখন আইনটাই ছিল না, তাই এই নোটিসের কোনও বৈধতা নেই৻অবশেষে সেই মামলায় স্থগিতাদেশ দিল আদালত। আপাতত ভাঙা যাবে না মন্দারমণির কোনও হোটেল। পরিবেশ আদালতের নির্দেশকে মান্যতা দিয়ে ১৪০টি হোটেল ভেঙে ফেলার নির্দেশ দিয়েছিলেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক। আজ, শুক্রবার ছিল সেই সংক্রান্ত মামলার শুনানি। বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন, আগামী ১৩ ডিসেম্বর পর্যন্ত হোটেল ভাঙার উপর অন্তর্বতী স্থগিতাদেশ থাকছে। অর্থাৎ ১৩ ডিসেম্বর পর্যন্ত হোটেলগুলির বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া যাবে না। আগামী ১০ ডিসেম্বর ফের এই মামলার শুনানি রয়েছে।হোটেল মালিকদের তরফে আদালতে সওয়াল করেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। প্রশ্ন ওঠে, ১৯৯৯ সালের নির্দেশের পর, এখন কেন

এরপর ৩ পাতায়

## পুলিশি নিরাপত্তায় বেলঘরিয়ার বাড়িতে অর্পিতা, ভেঙে পড়লেন কান্নায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারোলে মুক্তি পেয়ে বেলঘরিয়ার বাড়িতে পৌঁছলেন নিয়োগ দুর্নীতিতে ধৃত অর্পিতা মুখোপাধ্যায়। পুলিশি পাহারায় বাড়ি পৌঁছে মায়ের মৃতদেহের সামনে কান্নায় ভেঙে পড়েন তিনি। বাড়িতে অন্ত্যেষ্টি ক্রিয়া শেষের পর বেলঘরিয়া শ্মশানের পথে দেহ।নিয়ম কানুন সেরে জেল থেকে বেরতে বেরতেই বেজে যায় বিকেল সাড়ে পাঁচটা। কড়া নিরাপত্তা বলয়ের মাঝেই সন্ধেয় বেলঘরিয়ার বাড়িতে পৌঁছন তিনি। সেখানে কান্নায় ভেঙে পড়েন। উল্লেখ্য, গ্রেপ্তারির পর দুবছর পেরিয়ে গিয়েছে। তবে জামিন মেলেনি অর্পিতা। গ্রেপ্তারির পর এই প্রথম প্যারোলে মুক্তি পেয়ে বাড়ি গেলেন তিনি।। ২০২২ সালে ২৩ জুলাই ফ্ল্যাটে টানা তল্লাশিতে টাকা উদ্ধার হওয়ায় গ্রেপ্তার করা হয়েছিল পার্থ চট্টোপাধ্যায় ঘনিষ্ঠ অর্পিতা মুখোপাধ্যায়কে।

সেই থেকেই জেলবন্দি তিনি। একাধিকবার মায়ের অসুস্থতার কথা জানিয়ে জামিন চেয়েছিলেন তিনি। কিন্তু মেলেনি। ফলত মায়ের সঙ্গে যোগাযোগ বলতে মাঝে মধ্যে ফোনে কথা। তবে মেয়ের বাড়ি ফেরার অপেক্ষা করতেন তিনি। প্রতিবেশীদের বলতেন সেকথা। কিন্তু জীবদ্দশায় মেয়ের দেখা মিলল না।

দীর্ঘদিন অসুস্থ থাকার পর বুধবার রাতে বাড়িতেই মৃত্যু হয় অর্পিতার মায়ের। রাতেই খবর পৌঁছয় জেলে। বৃহস্পতিবার সকালেই প্যারোলে মুক্তির আবেদন করেন অর্পিতা। এদিনই ২ দিনের জন্য বাড়ি ফিরবেন অর্পিতা।


## ছত্তিশগড়ের সুকমা জেলায় নিরাপত্তা বাহিনীর অভিযানে ১০ মাওবাদীর মৃত্যু, উদ্ধার আগ্নেয়াস্ত্র




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ছত্তিশগড়ের সুকমা জেলার বান্দারপাদার জঙ্গলে নিরাপত্তা বাহিনীর অভিযানে অন্তত ১০ জন মাওবাদীর মৃত্যু হয়েছে বলে জানা গেছে। মৃতদের কাছ থেকে একে ৪৭ রাইফেল সহ বিপুল পরিমাণে আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ২০২৬ সালের মধ্যে ভারতকে মাওবাদী মুক্ত করার লক্ষ্য নিয়েছেন। সেই লক্ষ্য পূরণের পথেই দেশ এককদম এগোলো। গোপন সূত্রে খবর পেয়ে নিরাপত্তাবাহিনী শুক্রবার সকালে সুকমা জেলার বান্দারপাদার জঙ্গলে অভিযান চালায়। সম্পূর্ণ এলাকা ঘিরে ফেলে নিরাপত্তা রক্ষীরা তল্লাশি শুরু করে। মাওবাদীরা তখন নিরাপত্তা রক্ষীদের উদ্দেশ্য করে গুলি ছুটতে শুরু করে। বস্তারের আইজি পি সুন্দররাজ বলেন "

এরপর ৩ পাতায়



# নাড়াজোল রাজ কলেজে ইতিহাস বিভাগের উদ্যোগে

# চালু হল আর্কাইভ এন্ড নলেজ রিসোর্স সেন্টার



সন্ন্যাসী কাউরী : দাসপুর

**২২ নভেম্বর : নিউজ সারাদিন :** ইতিহাস প্রসিদ্ধ নাড়াজোল রাজ কলেজের পুরনো ভবনে অর্থাৎ পুরানো রাজবাড়িতে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে চালু হল আর্কাইভ এন্ড নলেজ রিসোর্স সেন্টারের। শুক্রবার আর্কাইভ এন্ড নলেজ রিসোর্স সেন্টারের উদ্বোধন করেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক ড. নির্মল মাহাতো।

ভারতের স্বাধীনতা আন্দোলনে নাড়াজোল রাজ পরিবারের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। ভারতের স্বাধীনতা সংগ্রামী এবং বিপ্লবীদের সাথে প্রত্যক্ষ যোগাযোগ এবং তাদেরকে বিভিন্নভাবে সহযোগিতা করবার জন্য তৎকালীন রাজা নরেন্দ্রলাল খাঁন ব্রিটিশ পুলিশের হাতে গ্রেপ্তার হন। পরবর্তী রাজা দেবেন্দ্রলাল খাঁনকে মেদিনীপুর জেলা থেকে দু বছরের জন্য নির্বাসিত হতে হয়। নাড়াজোল রাজবাড়ি সেদিন বহু বিপ্লবীদের আশ্রয়স্থল হয়ে উঠেছিল। ক্ষুদিরাম বসু, জ্ঞানেন্দ্রনাথ বসু, হেমচন্দ্র দাস কানুনগো, বিমল দাশগুপ্ত, নেতাজি সুভাষচন্দ্র বসু সহ বহু স্বাধীনতা সংগ্রামী এই রাজ বাড়িতে এসেছিলেন। কেবল স্বাধীনতা সংগ্রামী বা বিপ্লবীদের সঙ্গেই নয় আচার্য প্রফুল্লচন্দ্র রায়, রবীন্দ্রনাথ ঠাকুর, মতিলাল নেহেরু, জহরলাল নেহেরুর প্রমুখদের সঙ্গে এই রাজবাড়ীর গভীর সম্পর্ক ছিল। মেদিনীপুরে শিক্ষা বিস্তারের জন্য স্বাধীনতা পরবর্তীকালে রাজ পরিবার কলেজ করবার অনুমতি দেয়। সেই কলেজের পুরনো ভবনে অর্থাৎ পুরানো রাজবাড়িতে উদ্বোধন করা হলো আর্কাইভ এন্ড নলেজ রিসোর্স সেন্টারের। নাড়াজোল রাজ কলেজের ইতিহাস বিভাগের প্রধান মঙ্গল কুমার নায়ক -এর ভাবনায় ও ব্যবস্থাপনায় এই অভিনব উদ্যোগ।

বিভাগীয় প্রধান মঙ্গল কুমার নায়ক বলেন, সংস্কারের অভাবে নাড়াজোল রাজবাড়ী প্রায় লুপ্ত হতে বসেছে। নাড়াজোলের জনপদ ও রাজবাড়ির ইতিহাস আগামী প্রজন্মের কাছে এবং পশ্চিমবঙ্গের সাধারণ মানুষকে জানানোর জন্য এই ধরনের উদ্যোগ। যারা দেশের আঞ্চলিক ইতিহাস নিয়ে গবেষণা করবেন তাদের আর্কাইভ এন্ড নলেজ রিসোর্স সেন্টার সহায়তা করবে। এ দিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রধান নির্মল মাহাতো, নাড়াজোল রাজ কলেজের প্রিন্সিপাল বাসুদেব মন্ডল, বিভাগীয় প্রধান অধ্যাপক মঙ্গল কুমার নায়ক, অধ্যাপক তপনেন্দু কামিল্যা, অধ্যাপক বরুণ রাউত, নীলাঞ্জনা ভট্টাচার্য, অধ্যাপিকা বৈশালী গুহ ও নাড়াজোলের অনন্য জনপদের লেখক দেবাশীষ ভট্টাচার্য সহ অন্যান্যরা। কলেজের আর্থিক সহায়তায় পুরনো ভবনে এদিন একটি প্রদর্শনীর উদ্বোধন করা হয়। এছাড়া এদিন ইতিহাস বিভাগের উদ্যোগে সাম্প্রদায়িক সম্প্রীতির উপরে একটি সেমিনার ও দেশের ইতিহাস শিল্প সংস্কৃতি, হেরিটেজকে ছাত্র-ছাত্রীদের সামনে তুলে ধরতে একটি নতুন কোর্স 'হেরিটেজ ইন এনসিয়েন্ট ইন্ডিয়া' চালু করা হয়।

## রাজ্য পুলিশের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুললেন

# মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সংবাদ মাধ্যমের সামনে ।



বেবি চক্রবর্ত্তী :কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্য পুলিশের ভূমিকা নিয়ে এর আগে একাধিক বার প্রশ্ন তুলেছেন তৃণমূলের নেতামন্ত্রীরা। এবার রাজ্য পুলিশের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর অভিযোগ, রাজ্য পুলিশের একাংশ এবং সিআইএসএফ এই সমস্ত দুর্নীতির সঙ্গে যুক্ত। এই দুর্নীতি দমনে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি।মূল্যবৃদ্ধি নিয়ে নবান্ন সভাঘরে বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই বৈঠকে মুখ্যমন্ত্রী প্রশ্ন তোলেন, রাজ্যের মানুষ চড়া দামে শাক-সবজি কিনতে বাধ্য হচ্ছেন। তাঁর নির্দেশ না থাকা সত্ত্বেও কীভাবে রাজ্যের বাইরে পাচার হচ্ছে আলু-পেঁয়াজ, তা নিয়ে প্রশ্ন তলেন তিনি। পাশাপাশি, তিনি দাবি করেন, কয়লাখনি, বালিখাদান পাথরখাদান নিয়ে টেন্ডার বসানোর কথা থাকলেও, বাস্তবে তা হয়নি।

এই সমস্ত দুর্নীতিতে স্থানীয় পুলিশ, এমনকি সিআইএসএফ জড়িত বলে অভিযোগ তোলেন মুখ্যমন্ত্রী। এরপরেই রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে উদ্দেশ্য করে তিনি বলেন, 'কিছু বিষয়ে এখনই পদক্ষেপ কর। তুমি হয়ত চেষ্টা করছো, কিন্তু স্থানীয় পুলিশ করছে না। রাজীনীতিকদের বেশি বদনাম হয়। ৫ টাকা খেলে ৫০০ বলা হয়, চোর বলা হয়। রাজনীতিকরা কিন্তু টাকা খাওয়ার আগে দশ বার ভাবেন, তাঁদের দায়বদ্ধতা রয়েছে। কিন্তু কিছু নীচু স্তরের অফিসার, কর্মী, যাঁরা এই সরকারকে ভালবাসেন না, তোমার পুলিশের কিছু লোকও টাকা খাচ্ছে।'

এখানেই শেষ নয়। মুখ্যমন্ত্রী আরও বলেন, 'সিআইএসএফ টাকা খেলেও, আমাদের ধরার অধিকার আছে। কারণ চুরি হলে বলবে তৃণমূল করছে। চুরি করে সিআইএসএফ, পুলিশের একাংশ। এটা আমি সহ্য করব না। আমার এক পয়সাও দরকার নেই। দলের নির্বাচনের জন্য দরকারে লোকের সামনে আঁচল পেতে টাকা নেব। বলতে পারবে না, আজ পর্যন্ত সরকারি কাজে কারও থেকে এক পয়সাও নিয়েছি। তাহলে অন্য কেউ নিলে কেন ছাড়বে? সকলের জন্য একই আইন, সমান ভাবে প্রযোজ্য।'

এরপরেই মুখ্যমন্ত্রী রাজ্যে চুরি, দুর্নীতি রুখতে রাজ্য পুলিশের এসটিএফ এবং দুর্নীতি দমন শাখাকে কড়া হওয়ার নির্দেশ দেন। পাশাপাশি, রাজ্যের সিআইডিকেও নতুন করে সাজানো হবে বলে জানান মুখ্যমন্ত্রী। মমতা ডিজির উদ্দেশ্যে বলেন, 'কারও বিরুদ্ধে অভিযোগ থাকলে, যাচাই করে দেখো। অভিযোগ সত্য হলে কড়া পদক্ষেপ করতে পারো। কেউ বাধা দেবে না। আর দিলেও শুনব না আমি। আমি যদি আমাকে ক্ষমা করতে না পারি, তোমরা কাকে ভয় পাচ্ছো?

## মমতার নির্দেশের পর রাতেই

# সাসপেন্ড কয়লা - বালির সাম্রাজ্যের সাব ইন্সপেক্টর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুলিশ অফিসারদের একাংশ ঘুষ নিয়ে বালি - কয়লা পাচারে মদত করছেন বলে বৃহস্পতিবার নবান্নে বসে দাগিয়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তার পর রাত পোহাতে না পোহাতে সাসপেন্ড হয়ে গেলেন পশ্চিম বর্ধমানের বারাবনি থানার সাব ইন্সপেক্টর। মনোরঞ্জন মণ্ডল নামে ওই পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছেন আসানসোলের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী।মমতার দাবি, 'আমার দরকার নেই এক পয়সাও। বার বার আমি বলি। প্রয়োজনে আমি দলের নির্বাচন করানোর জন্য লোকের কাছে আঁচল পেতে টাকা নেব। আজ পর্যন্ত কেউ বলতে পারবে না কোনও সরকারের কাছ থেকে বা কারও কাছ থেকে আমি এক পয়সা নিয়েছি। কোনও কারণে। অন্য কেউ যদি নিয়ে থাকে তুমি ছাড়বে কেন? প্রত্যেকের জন্য আইন সমান ভাবে কার্যকর হওয়া উচিত। সেখানে কোনও বৈষম্য হওয়া উচিত নয়। কেউ কেউ ভাবে, একে ম্যানেজ করি, ওকে ম্যানেজ করি। করে তোলাবাজি করি। তারা বাঁচাবে। কেউ বাঁচাবে না। আমি তো বাঁচাব না। আমার কাছে কোথাও না কোথাও থেকে তো খবর আসবেই।'সাসপেনশনের জেরে শোরগোল পড়ে গিয়েছে পুলিশ মহলে।

আসানসোলের বারাবনি থানা এলাকায় কয়লাখনি রয়েছে। রয়েছে অজয় নদের বালি। সেই থানার অফিসার ইন চার্জ ছিলেন মনোরঞ্জন বাবু। বৃহস্পতিবার রাতে তাঁর কাছে পৌঁছয় সাসপেনশনের চিঠি। তাতে সাসপেনশনের কারণ হিসাবে তাঁর অপেশাদার আচরণের উল্লেখ করা হয়েছে। বিভাগীয় তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তিনি সাসপেন্ড থাকবেন বলে জানানো হয়েছে। তবে মুখ্যমন্ত্রীর ধমকের পর এই পদক্ষেপে প্রমাদ গুনছেন বহু পুলিশ আধিকারিক। বৃহস্পতিবার বিকেলে নবান্নে এক বৈঠকে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমারকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'রাজীব কুমারকে বলছি, কিছু জিনিসের প্রতি যত্ন নেও। হয়তো তুমি চেষ্টা করো, কিন্তু স্থানীয় পুলিশ প্রশাসন সাহায্য করছে না। সবাইকে বলছি না, একাংশ। পলিটিক্যাল নেতাদের নামে সবাই বদনাম করে বেশি। পাঁচ টাকা খেলে

এরপর ৩ পাতায়







## ওয়াকফ সংশোধনী বিল নিয়ে

# স্পিকারের দারস্ত হলেন বিরোধীরা



বেবি চক্রবর্ত্তী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়াকফ সংশোধনী বিল নিয়ে আলোচনার জন্য তৈরি যৌথ সংসদীয় কমিটির বৈঠকের পর বিরোধী সদস্যরা জোরালো দাবিতে জানিয়েছেন তাঁদের আরো সময়ের প্রয়োজন। সেই দাবি নিয়ে আগামী সোমবার সংসদে শীতকালীন অধিবেশনে প্রথম দিনেই অধ্যক্ষ ওমিল্লার সঙ্গে তারা দেখা করবেন বলে জানা গেছে।

কমিটি চেয়ারম্যান জগদম্বিকা পাল জানিয়েচ্ছিলেন রিপোর্ট তৈরি হয়ে গেছে। । কিন্তু প্রায় ছয় ঘন্টারও বেশি সময় ধরে বৈঠক চলার পর বেঁকে বসেন কমিটিতে থাকা বিরোধী সদস্যরা। কমিটির মেয়াদ বাড়ানোর দাবি জানিয়ে তাঁরা বলেছেন, খসড়া আইনের পরিবর্তন খুঁটিয়ে দেখার জন্য তাঁদের আরো সময় প্রয়োজন। বিরোধী সদস্যদের শান্ত করতে বিলের খসড়া, তাদের দেওয়া হবে বলে কমিটির চেয়ারম্যান জানিয়েছেন। কিন্তু তাতেও শান্ত হননি তাঁরা। স্লোগান, বিক্ষোভ প্রদর্শন এমনকি স্পিকারকে এই বিষয়ে ফোন করে তাঁর হস্তক্ষেপ দাবি করেন বিরোধীরা। সংশোধনী বিল নিয়ে বিভিন্ন সংগঠনের সঙ্গে ২৫ টি বৈঠক হয়েছে। পাঁচ দিনে ২৯ ঘণ্টারও বেশি সময় ধরে সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা হয়েছে। মেয়াদ বাড়ানোর প্রসঙ্গে বিরোধী সদস্যরা লোকসভার স্পিকারের সঙ্গে দেখা করার কথা বলেছেন। এই বিষয় কমিটির চেয়ারম্যান জগদম্বিকা পাল জানিয়েছেন মেয়াদ বাড়ানোর বিষয় চূড়ান্ত সিদ্ধান্ত লোকসভার স্পিকারই নিতে পারেন। যদিও সরকারপক্ষ মনে করছে যখন খসড়া প্রস্তুত তখন নতুন করে দিন বাড়ানোর প্রয়োজন নেই।

# পুলিশকর্মীদের সুন্দরবনে বাঘ পাহারায় পাঠাব', হুঁশিয়ারি কুণালের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুলিশের বিরুদ্ধে অন্তর্ঘাতের অভিযোগ। ২০২৬ সালের নির্বাচনে জিতে সেই সকল পুলিশ অফিসারদের সুন্দরবনে বদলির হুঁশিয়ারি অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের । তা নিয়ে দানা বেঁধেছে বিতর্ক। পালটা দিয়েছেন বিরোধীরা। বামনেতা সুজন চক্রবর্তীর কথায়, 'এটাই এখন পরিস্থিতি।তৃণমূলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদকের মন্তব্যের তীব্র বিরোধিতা করেছেন বিজেপি নেতা শমীক লাহিড়ি। বামনেতা সুজন চক্রবর্তীর কথায়, "তৃণমূলের আমলে পুলিশকে তাঁদের মতো করে পরিচালনা করা হচ্ছে। কেউ যদি দুর্নীতি, তোলাবাজিতে সমর্থন না করেন, তাঁদের এভাবেই হুমকির মুখে পড়তে হয়।" উল্লেখ্য, বৃহস্পতিবারই নিচুতলার পুলিশ কর্মীদের নিশানা করেছিলেন খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।কেউ

এরপর ৩ পাতায়

## আনন্দে গুলি ছুড়তে গিয়ে

## নিজেই গুলিবিদ্ধ, যুক্তরাষ্ট্রে মৃত্যু ভারতীয় শিক্ষার্থীর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বিদেশে পড়াশোনা করতে গিয়ে নিজেই নিজের মৃত্যু ডেকে আনলেন এক ভারতীয় ছাত্র। জন্মদিন পালনের সময় ভুলবশত নিজের শরীরেই গুলি চালিয়ে দেয় আরিয়ান রেড্ডি নামক বছর ২৩-এর ওই ছাত্র। ঘটনাটি ঘটেছে গত ১৩ই নভেম্বর। এদিন জর্জিয়ার শহর আটলান্টায় নিজের বাড়িতে বন্ধুদের সঙ্গে জন্মদিন উদযাপনে মেতেছিল আরিয়ান। কিন্তু তার একটি ভুলেই কারণেই সবকিছু মুহূর্তের মধ্যেই শেষ হয়ে গেল। প্রচণ্ড রক্তক্ষরণের ফলেই তার মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে।

কিন্তু কিভাবে ঘটল এই ঘটনা? জানা গিয়েছে, জন্মদিনের পার্টি চলাকালীনই আরিয়ান তার নতুন কেনা বন্দুকটি পরিষ্কার করা শুরু করেন। জন্মদিনের আনন্দ উদযাপন করতে ফাঁকা আকাশে গুলি ছোড়াই ছিল তার মূল উদ্দেশ্য। সেই সময়ই অসাবধানতাবশত একটি গুলি বন্দুক থেকে বেরিয়ে আরিয়ানের বুকে লেগে যায়। গুলির শব্দ শুনে তৎক্ষণাৎ পাশের ঘর থেকে ছুটে আসেন আরিয়ানের বন্ধুরা। তারা এসে দেখেন, রক্তাক্ত অবস্থায় মেঝেতে পড়ে রয়েছে আরিয়ান। দ্রুত তাকে কাছের একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয় কিন্তু চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

ওই দেশের পুলিশ কর্তাদের তরফ থেকে জানা গিয়েছে, আরিয়ান আটলান্টার কানসাস স্টেট ইউনিভার্সিটির দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন। মাস্টার অফ সায়েন্সের ছাত্র তিনি। আরিয়ান তেলেঙ্গানা রাজ্যের ভুবনগিরি জেলার পেদাদারাও পল্লী গ্রামের বাসিন্দা কিন্তু তার পরিবার বর্তমানে উপ্পল জেলায় বসবাস করছে।

নিহত আরিয়ানের মরদেহ আজ শুক্রবার রাতে তার বাড়িতে পৌঁছে দেয়া হবে। ঘটনার জেরে স্বাভাবিকভাবেই শোকের ছায়া নেমে এসেছে যুবকের পরিবারে। বিদেশে পড়াশোনা করতে শেষে কিনা নিজের বন্দুকের গুলিতেই মরতে হল আরিয়ানকে।

১-ম পাতার পর

# ছত্তিশগড়ের সুকমা জেলায় নিরাপত্তা বাহিনীর অভিযানে ১০ মাওবাদীর মৃত্যু, উদ্ধার আগ্নেয়াস্ত্র

এখনো পর্যন্ত ১০ জন মাওবাদীর মৃতদেহ উদ্ধার হয়েছে। গোটা এলাকা ঘিরে তল্লাশি অভিযান জারি রয়েছে। মাওবাদীদের কাছ থেকে একে-৪৭, ইনসাসের রাইফেল সহ বহু আগ্নেয়াস্ত্র উদ্ধার হয়েছে"। প্রসঙ্গত উল্লেখ্য সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছিলেন " আমি বিশ্বাস করি লড়াই এখন শেষ পর্যায়ে। চূড়ান্ত হামলার সময় এসেছে। ২০২৬ সালের মার্চ মাসের মধ্যে আমরা দেশ থেকে মাওবাদ নির্মূল করব"। সাম্প্রতিক পরিসংখ্যান অনুযায়ী এক রিপোর্টে বলা হয়েছে " চলতি বছরের জানুয়ারি মাস থেকে এখনো পর্যন্ত ২৫৭ জন মাওবাদীর মৃত্যু হয়েছে। পাশাপাশি ৮৬১ জন গ্রেফতার ও ৭৮৯ জন আত্মসমর্পণ করেছেন"।

১-ম পাতার পর

# মন্দারমণির শতাধিক হোটেল নিয়ে বড় নির্দেশ বিচারপতি অমৃতা সিনহার

হোটেল ভাঙার কথা বলা হচ্ছে? আইনজীবী বলেন, "কমিটির যদি কোনও ক্ষমতা না থাকে বন্ধ করার, তাহলে সে কি পারে ভেঙে ফেলতে? সেখানে একটা শিল্প চলছে। পর্যটক শিল্প।" এই পলিসি 'দূষিত' বলে উল্লেখ করে কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন, "উত্তরপ্রদেশে এমন বুলডোজার পলিসি নেওয়া হয়।"

বিচারপতি হোটেল মালিকদের কাছে জানতে চান, তাঁদের কোনও রক্ষাকবচ দেওয়া হয়েছে কি না। কোনও পদক্ষেপ করা করা হয়েছে, কি না, সেটাও জানতে চান তিনি। এই নির্দেশে আপাতত স্বস্তি পেলেন হোটেল ব্যবসায়ীরা। হোটেল মালিক সংগঠনের নেতা চিত্তরঞ্জন দাস জানান, তাঁদের নোটিস বারবার দেওয়া হয়েছে, কিন্তু সীমারেখা কোথায়, সেটা জানানো হয়নি। দীর্ঘ ১৫-২০ বছর ধরে উত্তর না আসায় ব্যবসা চালিয়ে যাচ্ছেন তাঁরা।

## ৭৫ কোটির সামরিক কপ্টারে সঙ্গম দুই সেনার, ধরিয়ে দিল ডানার নড়নচড়ন এবং গোঙানির আওয়াজ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রশিক্ষণ কেন্দ্রে রাখা ৭৫ কোটির হেলিকপ্টারের ডানা অস্বাভাবিক ভাবে নড়ছে। ভিতর থেকে ভেসে আসছে গোঙানির আওয়াজ। সন্দেহের বশে সেই অ্যাপাচে হেলিকপ্টারের ভিতর উঁকি দিতেই চক্ষু ছানাবড়া রক্ষণাবেক্ষণ কর্মীদের। তাঁরা দেখেন, মত্ত অবস্থায় বহুমূল্য কপ্টারটির ভিতর সঙ্গম করছেন দুই সেনা। ওই দুই সেনা যে হেলিকপ্টারে ধরা পড়েছিলেন সেটি আর্মি এয়ার কর্পসের ৬৫৩ স্কোয়াড্রনের অংশ ছিল। সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, অ্যাপাচে কপ্টার ৩০ মিলিমিটারের কামান-সহ বিভিন্ন অত্যাধুনিক সামরিক অস্ত্র দিয়ে সজ্জিত। দাম প্রায় ৭৫ কোটি টাকা। উল্লেখ্য, সংবাদমাধ্যম, দ্য সান-এর প্রতিবেদন অনুযায়ী, ঘটনাটি ২০১৬ সালে নর্থাম্বারল্যান্ডের অটারবার্ন রেঞ্জে ঘটেছিল। তবে প্রযুক্তিগত ত্রুটির কারণে সম্প্রতি প্রকাশ্যে এসেছে খবরটি। সংবাদমাধ্যম 'দ্য মিরর'-এর প্রতিবেদন অনুযায়ী, রাতে কাজ সেরে ফিরছিলেন সামরিক প্রশিক্ষণ কেন্দ্রের কয়েক জন রক্ষণাবেক্ষণ কর্মী। অ্যাপাচে হেলিকপ্টারের পাশ দিয়ে যাওয়ার সময় তাঁরা কপ্টারটির ডানা নড়তে দেখেন। সেই দৃশ্য দেখেই চমকে যান তাঁরা। এর পর তাঁদের কানে গোঙানির আওয়াজ ভেসে আসে। ভাল করে কান পেতে বুঝতে পারেন, আওয়াজ আসছে কপ্টারের অন্দর থেকেই। হেলিকপ্টারটির ভিতরে কিছু রয়েছে কিনা তা দেখার জন্য উঁকি দিতেই হতবাক হয়ে যান তাঁরা। দেখেন সামরিক কপ্টারের পিছনের ককপিটের ভিতর মত্ত অবস্থায় সঙ্গম করছেন দুই সেনা।

সামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের এক প্রতিবেদনে বলা হয়েছে, উভয় সেনাকে পোশাক পরে হেলিকপ্টার থেকে বেরিয়ে আসতে বলা হলে টলতে টলতে তাঁরা বেরিয়ে আসেন। পুরুষ সেনার শরীরে উর্দি থাকলেও মহিলা সেনাকর্মী অসামরিক পোশাকে ছিলেন।

# গ্রেফতারি পরোয়ানার পর আদানির প্রত্যর্পণ চাইবে যুক্তরাষ্ট্র?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আমেরিকার আদালতে 'প্রমাণসহ অভিযোগপত্র' (ইনডিক্টমেন্ট) জমা পড়েছে বৃহস্পতিবার। ঘুষ দেওয়ার অভিযোগে গৌতম আদানি এবং তার ভাতিজা সাগরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির খবরও প্রকাশিত হয়েছে আমেরিকার বিভিন্ন সংবাদমাধ্যমে। তার জেরে 'ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘনিষ্ঠ' শিল্পপতি এবং তার সহযোগীদের 'ভবিষ্যৎ' নিয়ে তৈরি হয়েছে নানা জল্পনা।

এই পরিস্থিতিতে অ্যাটর্নি জেনারেল ব্রেয়ন পিস আদালতে অভিযুক্তদের গ্রেফতারির জন্য সক্রিয় হতে পারেন বলে আইনজীবীদের একাংশের ধারণা। আমেরিকার ভারতীয় বংশোদ্ভূত আইনজীবী রবি বাত্রা সংবাদ সংস্থা পিটিআইকে বলেছেন, 'অভিযোগের ভিত্তিতে গ্রেফতারি পরোয়ানা কার্যকরে সক্রিয় হতে পারেন

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# পুলিশকর্মীদের সুন্দরবনে বাঘ পাহারায় পাঠাব', হুঁশিয়ারি কুণালের

তোলাবাজিতে সমর্থন না করলে তাঁকে বদলি করে দেওয়া হবে।"

বৃহস্পতিবার নন্দীগ্রামে সমবায় নির্বাচনকে কেন্দ্র করে অশান্তি ও পুলিশের নিষ্ক্রীয়তার প্রতিবাদে সভার আয়োজন করেছিল তৃণমূল। সেখানে যোগ দেন তৃণমূলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। সেখানেই পুলিশকে চাঁচাছোলা ভাষায় আক্রমণ করেন তিনি। বলেন, "যাঁরা এখন রাজ্য সরকারে থেকেও প্রশাসনিক দায়িত্ব পালন করছেন। দায়িত্ব-কর্তব্য ভুলে অন্তর্ঘাত করছেন সেই সমস্ত বামপন্থী পুলিশ কর্মীদের বলছি, ২০২৬ সালের পর সুন্দরবনে বাঘ পাহারা দিতে পাঠানো হবে, তৈরি থাকুন।" এর পর পুলিশ কর্মীদের নিজের রাজনৈতিক অবস্থান ভুলে প্রকৃত পুলিশকর্মী হিসেবে কাজ করার অনুরোধও জানান তিনি। কুণাল ঘোষের এই বদলির হুঁশিয়ারিতেই তৈরি হয়েছে বিতর্ক।

২ পাতার পর

# মমতার নির্দেশের পর রাতেই সাসপেন্ড কয়লা - বালির সাম্রাজ্যের সাব ইন্সপেক্টর

৫০০ টাকা বলে দেয় চোর। পলিটিক্যাল নেতারা টাকা খাওয়ার আগে ১০ বার ভাবে। জনগণের টাকা খাওয়া কি উচিত? তাদের নিজস্ব একটা দায়বদ্ধতাও থাকে। কিন্তু নিচুতলার কিছু অফিসার, কিছু কর্মী, যারা এই গরমেন্টকে ভালোবাসে না এবং তোমার পুলিশেরও কিছু লোক, তারা টাকা খেয়ে আজকে বালি চুরি বলো, কয়লা চুরি বলো, সিমেন্ট চুরি বলো...।'

এর পরই যে কোনও চুরির ক্ষেত্রে পুলিশকে কড়া হওয়ার নির্দেশ দিয়ে মমতা বলেন, 'চুরি হলে তখন বলবে কয়লা চুরি করছে তৃণমূল কংগ্রেস আর চুরি করবে ঈওঝঋ টাকা খেয়ে বা পুলিশের একাংশ টাকা খেয়ে আমি এটাকে টলারেট করব না। যদি কোনও রাজনৈতিক দলের লোকও খায় তার কলার চেপে ধরো। তাকে আইনের প্যাঁচে ধরো। আইনত জেলে পাঠাও। এখানে কোনও অজুহাত আমি শুনতে চাই না।'

## মণিপুরেও 'জাস্টিস' স্লোগান




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কারফিউ থাকা সত্ত্বেও মণিপুরে বিক্ষোভকারীরা বহু অফিসে তালা দিয়েছে। এ ছাড়া সংখ্যালঘু জাতিসত্তার ন্যায়বিচার আদায়ের জন্য তারা একটি মিছিল করে। ভারতের মণিপুর থেকে মঙ্গলবার তোলা। ছবি : সংগৃহীত

কারফিউ থাকা সত্ত্বেও মণিপুরে বিক্ষোভকারীরা বহু অফিসে তালা দিয়েছে। এ ছাড়া সংখ্যালঘু জাতিসত্তার ন্যায়বিচার আদায়ের জন্য তারা একটি মিছিল করে।

মণিপুরজুড়ে কারফিউ। কিন্তু তার পরও আন্দোলনকারীদের থামানোর উপায় নেই। মঙ্গলবার (১৯ নভেম্বর) জাস্টিস ফর ইন্ডিজেনাস পিপল (সংখ্যালঘু জাতিসত্তাদের ন্যায়বিচার) স্লোগানে প্রতিবাদ মিছিল করেছে মণিপুরের বাসিন্দারা। মিছিলের প্রায় সবার পরনে ছিল কালো পোশাক। কারও কারও মুখে প্রতিবাদের চি কালো কাপড়ের মাস্ক। কালো রঙের প্রতীকী কফিনও ছিল কয়েকজনের কাঁধে। আর সেই সঙ্গে স্লোগান 'জাস্টিস ফর ইন্ডিজেনাস পিপল' (মূল বাসীদের ন্যায়বিচার) হিংসাবিধ স্ত মণিপুরেও এ 'জাস্টিস' স্লোগান। এই মিছিলের আয়োজনে ছিল অল ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন অব মণিপুর (এটিএসইউএম)', আইটিএলএফসহ কুকি-জো জনজাতিদের আরও কয়েকটি সংগঠন। আড়াই দশক আগে দিল্লিতে মডেল জেসিকা লালের খুনের মামলা ধামাচাপা দেওয়ার অভিযোগ ঘিরে

এরপর ৪ পাতায়

# আমি প্রাক্তন আইপিএস, বিদেশমন্ত্রীর সহপাঠী ছিলাম', পুলিশ গ্রেফতার করতেই হুঁশিয়ারি কোটিপতির



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** যেখানেই যেতেন নিজেকে মণিপুর ক্যাডারের আইপিএস বলে পরিচয় দিতেন। প্রোটোকল নিয়ে ঘুরতেন। অন্যকে দিয়ে নিজের কাজ করাতেন, তারপর টাকাও নিতেন। কেউ সন্দেহ করলে বলতেন, তিনি বিদেশমন্ত্রীর সহপাঠী, তাঁর হাত অনেক লম্বা। অবশেষে অনিল কাটিয়াল নামের ভুয়ো আইপিএসকে গ্রেফতার করল গাজিয়াবাদ পুলিশ। অনিল কাটিয়ালের সহযোগী বিনোদ কাপুর দিল্লির একটি কনস্ট্রাকশন কোম্পানির মালিক। তাঁর কোম্পানি দিল্লি, পালাম, সরসাওয়া এয়ারপোর্ট এবং গোয়ালিয়র এয়ারবেসের মতো গুরুত্বপূর্ণ স্থানে হ্যাঙ্গার, রানওয়ে এবং কমপাউন্ড ওয়াল তৈরি করেছে। পুলিশ জানিয়েছে, সম্প্রতি বিনোদ কাপুরের নামে ইন্দিরাপুরম থানায় প্রতারণার মামলা দায়ের হয়। এই মামলায় সুপারিশ করার জন্যই অনিল কাটিয়াল গাজিয়াবাদের পুলিশ কমিশনার এবং ট্রান্স হিন্ডন ডিসিপি-এর সঙ্গে দেখা করেছিলেন। এখানেই শেষ নয়, অনিল কাটিয়ালের অভিযোগের ভিত্তিতে দুই পুলিশকর্মীকে সাসপেন্ডও করা হয়েছিল। যদিও বর্তমানে পুলিশ এই সাসপেনশনগুলিকে সাধারণ ভুল হিসেবে উল্লেখ করছে। দিল্লির গ্রেটার কৈলাসের একটি বিলাসবহুল বাড়িতে থাকতেন অনিল কাটিয়াল। সেখান থেকেই তাঁকে এবং তাঁর সঙ্গী বিনোদ কাপুরকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারির সময়ও নিজেকে ১৯৭৯ ব্যাচের মণিপুর ক্যাডারের আইপিএস বলে দাবি করেছিলেন অনিল। শুধু তাই নয়, গাজিয়াবাদের পুলিশ কমিশনার এবং ট্রান্স হিন্ডন ডিএসপি-এর কাছে সহযোগী বিনোদ কাপুরের নাম সুপারিশও করেন তিনি।

তদন্তে পুলিশ জানতে পেরেছে, শুধু দিল্লি এনসিআর নয়, অনিল কাটিয়ালের প্রতারণার ফাঁদ দুবাই পর্যন্ত ছড়ানো। পুলিশের অনুমান, এই তালিকা আরও দীর্ঘ হতে পারে। জানা গিয়েছে, সেন্ট স্টিফেন্স কলেজ থেকে পড়াশোনা করেন অনিল। তারপর টচঝঈ পরীক্ষায় বসেন। কিন্তু সফল হতে পারেননি। এরপর আমেরিকার ইয়েল

এরপর ৪ পাতায়




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩১৫ সংখ্যা ২৩ নভেম্বর, ২০২৪ শনিবার ০৭ অগ্রহায়ণ, ১৪৩১

## গ্রেফতারি পরোয়ানার পর আদানির প্রত্যর্পণ চাইবে যুক্তরাষ্ট্র?



অ্যাটর্নি জেনারেল ব্রেয়ন।' মার্কিন আইন অনুযায়ী ভারতীয় নাগরিক গৌতম, সাগরদের গ্রেফতারি পরোয়ানা কার্যকরের দায়িত্ব 'বিদেশ বিষয়ক আইন প্রয়োগকারী সংস্থা'র। তাদের দায়িত্ব হস্তান্তরের ভার অ্যাটর্নি জেনারেলের।

আমেরিকার কয়েকটি সংবাদমাধ্যম জানিয়েছে, ইতোমধ্যেই সেই দায়িত্ব দেওয়ার প্রস্তুতি শুরু করেছে নিউইয়র্কের ইস্টার্ন ডিস্ট্রিক্ট আদালতের সরকারি কৌঁসুলিরা। সেই প্রক্রিয়া সম্পন্ন হলে আদানির প্রত্যর্পণের জন্য মার্কিন পররাষ্ট্র দফতরের দ্বারস্থ হতে পারে 'বিদেশ বিষয়ক আইন প্রয়োগকারী সংস্থা'। প্রসঙ্গত, গত বুধবার আমেরিকার শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থা এসইসি (সিকিউরিটিজ অ্যান্ড এ চেঞ্জ কমিশন) এবং ন্যায়বিচার দফতর গৌতম, তার ভাতিজা সাগর এবং তাদের সহযোগীদের বিরুদ্ধে অভিযোগ তুলেছে, তারা ২৬.৫ কোটি ডলার বা (প্রায় ২২৩৭ কোটি রুপি) ঘুষ দিয়ে ভারতের বিভিন্ন রাজ্যে বাজারের থেকে বেশি দামে সৌরবিদ্যুৎ বেচার বরাত আদায় করেছিলেন। আদানিদের এর থেকে ২০ বছর ধরে ২০০ কোটি ডলার (প্রায় ১৬ হাজার ৯০০ কোটি টাকা) মুনাফা করার পরিকল্পনা ছিল।

ঘুষ দিয়ে কাজ আদায়ের তথ্য গোপন রেখে এই প্রকল্পের জন্য আদানি গ্রিন সংস্থা ঋণপত্রের (বন্ড) মাধ্যমে লগ্নিকারীদের থেকে ৭৫ কোটি ডলার (প্রায় ৬৩৩৮ কোটি রুপি) ঘরে তুলেছিল। এরমধ্যে আমেরিকার লগ্নিকারীদের থেকে ১৭ কোটি ৫০ লক্ষ ডলার তোলা হয়েছিল। তারা যুক্তরাষ্ট্রের সহযোগী সংস্থার সঙ্গে গাঁটছড়া বেঁধে সে দেশের লগ্নিকারীদের থেকে টাকা তুলছিলেন। অন্য দিকে, সেই টাকায় ঘুষ দিচ্ছিলেন।

## সম্পাদকীয়

### সোমবার ওয়ার্কিং কমিটির বৈঠক ডাকলেন মমতা

শনিবার বিধানসভার ৬টি আসনে উপ নির্বাচনের ফল ঘোষণা হবে। তার পরই সোমবার বিকেল ৪টের সময়ে কালীঘাটে তাঁর বাসভবনে তৃণমূলের জাতীয় ওয়ার্কিং কমিটির বৈঠক ডাকলেন মমতা বন্দ্যোপাধ্যায়।কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রের মতে, শুরুতে জেলা সংগঠনে রদবদল হওয়ার কথা। সে জন্য ওয়ার্কিং কমিটির বৈঠক ডাকার দরকার ছিল না। এও হতে পারে যে সোমবারের আগে রবিবারই রদবদলের ব্যাপারে প্রাথমিক ঘোষণা হয়ে গেল। তবে ওয়ার্কিং কমিটির বৈঠকে সাংগঠনিক দায়িত্ব বন্টনের ব্যাপারে কিছু আলোচনা হতে পারে।তৃণমূলের জাতীয় ওয়ার্কিং কমিটিতে রাজ্যের নেতারা ছাড়াও রাজ্যসভা ও লোকসভায় দলনেতারা রয়েছেন। তাঁদের মধ্যে ডেরেক ও ব্রায়েন ও সুদীপ বন্দ্যোপাধ্যায় অন্যতম। তবে কী কারণে সোমবার বৈঠক ডাকা হয়েছে, অর্থাৎ বৈঠকের অ্যাজেন্ডা কী তা এখনও স্পষ্ট করে বলা হয়নি।

তৃণমূল সূত্রে বলা হচ্ছে, দুটি বিষয় নিয়ে এই বৈঠকে আলোচনা হতে পারে। তার প্রথম বিষয় হল, সংসদ ও বিধানসভার আসন্ন শীতকালীন অধিবেশন। সংসদের অধিবেশন এবার গুরুত্বপূর্ণ। গৌতম আদানির বিরুদ্ধে ঘুষ দেওয়ার অভিযোগ তুলেছে মার্কিন আদালত। তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। সংসদের দুই কক্ষ প্রথম দিন থেকে এ ব্যাপারে উত্তাল থাকবে। কংগ্রেস ইতিমধ্যে গৌতম আদানিকে গ্রেফতারের দাবি জানিয়েছে। প্রশ্ন হল, তৃণমূলও কি সেই পথে হাঁটবে? নাকি আদানি গ্রেফতারের দাবি না তুললেও তদন্তের দাবি জানাবে। এই ব্যাপারে দলনেত্রীর মনোভাব এখনও ডেরেকদের কাছে পরিষ্কার নয়। সোমবারের বৈঠকে সম্ভবত সে বিষয়ে দিশা দেখাবেন মমতা বন্দ্যোপাধ্যায়।অতীতে আদানির বিরুদ্ধে হিন্ডেনবার্গের রিপোর্ট প্রকাশের পর কংগ্রেস যৌথ সংসদীয় কমিটির মাধ্যমে তদন্তের দাবি তুলেছিল। কিন্তু তৃণমূল সেই দাবিতে সায় দেয়নি। তারা সংসদের বাইরে প্রতিবাদ জানিয়েছিল।

মমতা বন্দ্যোপাধ্যায় ওয়ার্কিং কমিটির বৈঠক ডাকতেই তৃণমূলে রদবদলের ব্যাপারে জল্পনাও গতি পেয়েছে। শাসক দলের সংগঠনে রদবদল অনিবার্য। তা শনিবারের পর যে কোনওদিন হতে পারে। মমতা বৈঠক ডাকার পর কৌতূহল তৈরি হয়েছে যে সোমবার রদবদলের কথা ঘোষণা করা হবে কিনা।


# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)

পরহংসদেবের ভোগ রান্না হয় সাড়ে ১২ সের চালে। সেই ভোগ পঞ্চব্যঞ্জনে নিবেদন করা হয়। এর সঙ্গে থাকে বিশেষ পরমান্ন ভোগ। অন্নদা ঠাকুর নির্দেশ দিয়েছিলেন, বৃহৎ ভোগ মন্দিরে যাবে না। মন্দিরের পাশে ভোগালয়ে তা সাজিয়ে দেওয়া হবে। সেখানেই নিবেদন করা হবে ভোগ। তাঁর নির্দেশ মতো শুধুমাত্র পরমান্ন ভোগ দেবীর কাছে যায় আজও। এছাড়া রাতে নিবেদন করা হয় ঘি এবং উৎকৃষ্ট চাল দিয়ে তৈরি অমৃতভোগ। বিশেষ ভোগের খাওয়ার নিয়ম




আদ্যাপীঠের ভোগ খেতে চাইলে কুপন কাটতে হয়। যার মূল্য ৬০ টাকা, তবে অর্ধেক টিকিটও কাটা যায় ৩০ টাকা মূল্যের। রাত ৯ টা থেকে দুপুর ১২.৩০ পর্যন্ত কুপন কাটা যায়। সকাল ১১.৪৫ থেকে বেলা ১টা পর্যন্ত ভোগ দেওয়া হয়। তবে এই সময়টা নির্ভর করে ভক্তদের সংখ্যার উপর। কতক্ষণ খোলা থাকে আদ্যাপীঠ মন্দির?

ভোর ৪.৩০ থেকে ৫ টা, সকাল ১০.৩০ থেকে ১১ টা এবং সন্ধ্যা ৭ থেকে ৭.৩০ পর্যন্ত আদ্যা মায়ের মন্দির খোলা থাকে। কীভাবে যাবেন আদ্যাপীঠ?

শিয়ালদহ স্টেশন থেকে দক্ষিণেশ্বর স্টেশন নামতে হবে। এরপর অটো টোটো বা রি া করে কিছুক্ষণ দূরত্বে মন্দিরে পৌঁছে যাবেন। এছাড়া বাস বা মেট্রো করেও দক্ষিণেশ্বর যেতে পারেন। এরপর একই ভাবে অটো টোটো বা রি া করে আদ্যাপীঠ কালী মায়ের মন্দিরে পৌঁছাতে পারেন।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# দুর্নীতিবাজ আদানিকে সুরক্ষা দিচ্ছেন মোদি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের লোকসভার বিরোধী দলীয় নেতা রাহুল গান্ধী সরাসরি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে অভিযোগ তুলে বলেন, আদানিকে সুরক্ষা দিচ্ছেন তিনি। ঘুষ-কাণ্ডে নাম জড়ানোর পরেই দেশটির শীর্ষস্থানীয় শিল্পপতি গৌতম আদানিকে গ্রেপ্তার করার দাবি তুলেছেন রাহুল গান্ধী। আমেরিকায় গৌতম আদানিসহ ৭ জনের বিরুদ্ধে ভারতীয় কর্মকর্তাদের কোটি কোটি টাকার ঘুষ দেয়ার প্রস্তাব এবং আর্থিক কেলে ারির অভিযোগ উঠেছে। অভিযোগকে কেন্দ্র করে শোরগোল শুরু হতেই বৃহস্পতিবার দুপুরে সংবাদমাধ্যমের মুখোমুখি হন রাহুল। সাংবাদিক সম্মেলনে মোদি এবং আদানিকে কার্যত একাসনে বসিয়ে আক্রমণ শানান রাহুল। তিনি বলেন, মোদি এবং আদানি দু'জনেই দুর্নীতিগ্রস্ত। আজই আদানিকে গ্রেপ্তার করে জিজ্ঞাসাবাদ করা উচিত। কিন্তু




আদানিজিকে গ্রেপ্তার করার ক্ষমতা প্রধানমন্ত্রীর নেই। কারণ উনি নিজেই আদানির দ্বারা নিয়ন্ত্রিত হন। বিষয়টি নিয়ে এমপিদের আসন্ন শীতকালীন অধিবেশনে কংগ্রেস সরব হবে বলেও জানিয়েছেন রাহুল গান্ধী।

আদানির বিরুদ্ধে ভারতকে 'হাইজ্যাক করা' এবং ১ হাজার কোটি টাকার দুর্নীতি করার অভিযোগও তুলেছেন রাহুল। এই প্রসঙ্গে 'দুর্নীতিগ্রস্ত' আদানিকে রক্ষা করার অভিযোগ তুলে শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থা সেবি-র প্রধান মাধবী পুরী বুচকে জিজ্ঞাসাবাদের দাবি তুলেছেন রায়বরেলীর কংগ্রেস এমপি। সম্প্রতি আমেরিকার সংস্থা হিন্ডেনবার্গ অভিযোগ করে যে, আদানিরা বিদেশে যে টাকা সরিয়েছেন, তাতে অংশীদারি রয়েছে সেবি প্রধান মাধবী এবং তার স্বামী ধবল বুচের। তার পরেই এই বিষয়ে তদন্তের দাবি তোলে দেশের বিরোধী দলগুলি।

বৃহস্পতিবার রাহুল অভিযোগ করেন যে, আদানির টাকায় বিজেপি চলে। সম্প্রতি মহারাষ্ট্রে ভোটপ্রচারে গিয়ে আদানি-বিজেপি আঁতাঁতের অভিযোগ তুলে রাহুল দাবি করেছিলেন, মুম্বাইয়ের বিমানবন্দরের পরে ধারাভি বস্তির জমিও আদানির হাতে তুলে দিতে চান মোদি। তা থেকে আদানির ১ লাখ কোটি টাকা আয় হবে বলে দাবি করেন রাহুল।

ভারতের সৌর প্রকল্পের জন্য ভারতের সরকারি কর্মকর্তাদের ২২৩৭ কোটি টাকা ঘুষের প্রস্তাব দেয়ার অভিযোগ উঠেছে আদানির বিরুদ্ধে।

৩ পাতার পর

# আমি প্রাক্তন আইপিএস, বিদেশমন্ত্রীর সহপাঠী ছিলাম', পুলিশ গ্রেফতার করতেই হুঁশিয়ারি কোটিপতির

বিশ্ববিদ্যালয়ে পিএইচডি করতে যান। দেশে ফিরে একটি বেসরকারি টেলিকম কোম্পানিতে যোগ দেন। কয়েক বছর আগে কর্পোরেট অ্যাফেয়ার্সের ভাইস প্রেসিডেন্ট পদ থেকে অবসর নিয়েছেন। তারপরই ফেঁদে বসেন প্রতারণার কারবার। নিজেকে অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার পরিচয় দিয়ে লোক ঠকাতেন তিনি।পুলিশ জানিয়েছে, বলবিন্দর সাহানি এবং তাঁর ছেলে সুমিত ১০০ মিলিয়ন ইউএস ডলার প্রতারণা মামলায় সংযুক্ত আরব আমিরশাহিতে আটক হন। রাষ্ট্রদূতের কাছে নিজেকে বিদেশমন্ত্রীর সহপাঠী পরিচয় দিয়ে তাঁদের হয়ে সুপারিশ করেছেন অনিল কাটিয়াল। পুলিশের তথ্য অনুযায়ী, অনিলের বয়স ৬৯ বছর। তাই তাঁকে সেভাবে জেরা করা সম্ভব হয়নি। তবে তাঁর মোবাইল থেকে পাওয়া চ্যাটের ভিত্তিতে জানা গিয়েছে, প্রাক্তন আইপিএস পরিচয় দিয়ে তিনি দিল্লি ও গুরুগ্রামের উচ্চপদস্থ কর্তাদের কাছ থেকেও কাজ আদায় করেছিলেন।

৩ পাতার পর

# মণিপুরেও 'জাস্টিস' স্লোগান

ভারতজুড়ে উঠেছিল 'জাস্টিস ফর জেসিকা' স্লোগান। বামদলের ক্ষমতার কালে তিলজলার যুবক রিজওয়ানুর রহমানের মৃত্যুর ঘটনা, জম্মু ও কাশ্মীরের কাঠুয়ায় নাবালিকা আসিফাকে ধর্ষণ ও খুনের ঘটনার পরও শোনা গিয়েছিল সেই স্লোগান। হালফিলে আরজি কর-কাণ্ডের পরও একই স্লোগান শুনেছে বাংলা তথা গোটা দেশ। এবার উত্তর-পূর্ব ভারতে প্রথমবার শোনা গেল সেই 'জাস্টিসের' দাবি।

দেড় বছরের বেশি সময় ধরে ধারাবাহিকভাবে জাতিহিংসার ঘটনা ঘটে চলেছে মণিপুরে। সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর মধ্যে রয়েছে পাহাড়ি এলাকার মিশ্র জনবসতি সম্পন্ন জেলা চূরাচাঁদপুর। সেখানেই সোমবার দেখা গেছে জাস্টিসের দাবিতে কুকিদের এই মিছিল। গোষ্ঠী হিংসায় নিহত পরিজনদের স্মরণে নকল কফিন ছিল সেই মিছিলে। যদিও কুকি-জো জনজাতিরা মণিপুরের মূল নিবাসী কি না, তা নিয়ে প্রশ্ন রয়েছে। আদতে মিয়ানমার ও মিজোরাম থেকে মণিপুরের পাহাড়ে তাদের আগমন। প্রসঙ্গত, ২০২৩ সালের ৩ মে জনজাতি ছাত্রদের কর্মসূচিকে ঘিরে মণিপুরে অশান্তির সূত্রপাত। মণিপুর হাইকোর্ট মেইতেইদের তফসিলি জনজাতির মর্যাদা দেওয়ার বিষয়টি রাজ্য সরকারকে বিবেচনা করার নির্দেশ দিয়েছিল। এর পরই জনজাতি সংগঠনগুলো তার বিরোধিতায় পথে নামে। আর সেই ঘটনা থেকেই সংঘাতের সূচনা হয় সেখানে। মণিপুরের আদি বাসিন্দা হিন্দু ধর্মাবলম্বী মেইতেই জনগোষ্ঠীর সঙ্গে কুকি, জো-সহ কয়েকটি তফসিলি জনজাতি সম্প্রদায়ের (যাদের অধিকাংশই খ্রিস্টান) সংঘর্ষে এখনও পর্যন্ত দুইশোর বেশি সাধারণ মানুষের মৃত্যু হয়েছে। ঘরছাড়ার সংখ্যা প্রায় ৬০ হাজার।

আন্দোলনকারীদের অভিযোগ, সামরিক ও আধাসামরিক বাহিনীতে মণিপুর ভরে আছে ও আর্মড ফোর্সেস স্পেশাল পাওয়ারস অ্যাক্ট, ১৯৫৮ চালু রয়েছে। তার পরও মেইতেই, কুকি সমাজ ও নিরাপত্তা বাহিনীর মধ্যে ক্রমাগত চরম হিংসা চলছে। পাঁচ মাস হতে চলল রাজ্য ও কেন্দ্রীয় সরকার আগের অবস্থান নিয়েছে। প্রধানমন্ত্রী মহিলা বিল নিয়ে এক দিনে তিনবার লম্বা লম্বা ভাষণ দিলেও মণিপুর নিয়ে কথা বলার প্রয়োজন মনে করেননি।

## কোজাগরী ল ী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ভূমিতে উৎপন্ন শস্য, খনিতে থাকা স্বর্ণ, রৌপ্য, তাম্র, লৌহ সব কিছুর অধিষ্ঠাত্রী হলেন ল ী দেবী। এজন্য তাঁকে ভূলীলা বলা হয়।

ল ীদেবীর প্রিয় ও অপ্রিয়

ল ীদেবীর কোন কোন স্থান প্রিয় আর কোন কোন স্থান অপ্রিয়, তা ব্র বৈবর্ত পুরাণে উল্লেখ আছে। দেবী বলেছেন- যে সকল গৃহে গুরু, ঈশ্বর, পিতামাতা, আত্মীয়, অতিথি ও পিতৃলোক রুষ্ট হন সে সকল গৃহে আমি প্রবেশ করি না।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## যে কারণে তাহিরার সঙ্গে বিচ্ছেদ চেয়েছিলেন আয়ুষ্মান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের রোমান্টিক ছবির মতোই প্রেম আয়ুষ্মান খুরানা ও তাহিরা কাশ্যপের। ছোটবেলার প্রেমিকার সঙ্গেই গাঁটছড়া বেঁধেছেন অভিনেতা। ২০০৮ সালে আয়ুষ্মান-তাহিরা বিয়ে করেন। তাদের দুই সন্তান। বলিউডে খ্যাতি পাওয়ার অনেক আগে থেকেই তাদের সংসার। কিন্তু এক সময় আলাদা হয়েছিল দু'জনের পথচলা। তাহিরাকে ছেড়ে অন্য নারীদের প্রতি আসক্ত হয়ে পড়েছিলেন আয়ুষ্মান

সম্প্রতি ভারতীয় এক সংবাদমাধ্যমের সাক্ষাৎকারে নিজেই এই কথা জানিয়েছেন অভিনেতা। তিনি বলেন, 'ছোটবেলায় আমি চণ্ডীগড়ে খুবই জনপ্রিয় ছিলাম। সেই সময় তাহিরাকে ছেড়ে চলে যেতে চেয়েছিলাম। বলেছিলাম, আমি আমার মতো জীবন কাটাতে চাই। কিন্তু ৬ মাসের মধ্যেই নিজের ভুল বুঝতে পেরে ফিরে গিয়েছিলাম তাহিরার কাছে। তাহিরার সঙ্গে সেই সময় বিচ্ছেদ চেয়েছিলাম কারণ অন্য মেয়েরা আমাকে পছন্দ করত।'

অভিনেতা বলেন, 'আমি পিতৃতান্ত্রিক পরিবেশে বড় হয়েছি। কিন্তু আজ আমি একজন নারীবাদী। তার একমাত্র কারণ আমার স্ত্রী। তাই আমি মনে করি উপযুক্ত জীবনসঙ্গী বেছে নেওয়া খুব জরুরি। এক সময় সাফল্য আমার ভাবনা বদলে দিয়েছিল।

আয়ুষ্মানের কথায়, 'ভিকি ডোনর-এর সাফল্যের পর আমি বেশি করে কাজের দিকে মন দিতে শুরু করি। পেশা এবং ব্যক্তিগত জীবনে সামঞ্জস্য রেখে চলা খুবই গুরুত্বপূর্ণ। সেই সঙ্গে যদি পাশে তাহিরার মতো মানুষ থাকে তাহলে জীবনে চলার পথটা আরও মসৃণ হয়।' বলিউডের এই তারকা জুটির বিয়ের ১৬ বছর পূর্ণ হয়েছে। এর মধ্যে নানা চড়াই-উতড়াই ছিল। সবকিছুকে পেছনে ফেলে বর্তমানে তারা দু'জন সুখী দম্পতি।

## যে কারণে ইন্ডাস্ট্রিকে অমানবিক বললেন বিদ্যা বালান



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বড় বাজেটের ছবি আর তারকার সমাগম মানেই যে ব অফিসে ছবি সফল এমন নয়। সম্প্রতি বেশ কিছু এই ধরনের ছবি বাণিজ্যিক ক্ষেত্রে মুখ থুবড়ে পড়ে প্রমাণ করে দিয়েছে এই সূত্র সব সময় কার্যকরী নাও হতে পারে। সম্প্রতি বলিউড অভিনেত্রী বিদ্যা বালান এই প্রসঙ্গে জানান, ছবির প্রেক্ষাপট এবং নির্মাণের ওপর বিষয়টি নির্ভর করছে। তার কথায়, সব ছবিকে একই গোত্রে ফেলে দিলে ঠিক হবে না। আমরা এটা কখনও বলতে পারি না যে, তারকাখচিত ছবি মানেই ব অফিসে সফল। এমন অনেক ছবি রয়েছে, একাধিক বড় তারকা থাকা সত্ত্বেও ছবি অসফল। উদাহরণস্বরূপ, 'স্ত্রী ২', 'সিংহাম এগেইন', 'ভুল ভুলাইয়া ৩' ছবির কথা তুলে ধরলেন অভিনেত্রী। বিদ্যা বলেন, কিছু ছবির ক্ষেত্রে অবশ্যই এই সূত্র কাজ করে না। তাছাড়া প্রতিটি ছবির একটা নির্দিষ্ট ভাগ্য থাকে। এটা দুঃখজনক হলেও মেনে নিতে হবে আমাদের। তিনি বলেন, ছবি ভালো হলে সফল হওয়ার সম্ভাবনা থাকে। তবে একটি বিষয়ে ভাবা প্রয়োজন বলে মনে করেন বিদ্যা। কিছু ছবি আদতেই ভালো কিন্তু ছবি বিতরণের (ডিস্ট্রিবিউশন) ক্ষেত্রে গাফিলতি থেকে যায়। ফলে বেশিসংখ্যক দর্শকের কাছে পৌঁছাতে পারে না ছবিটি। ইন্ডাস্ট্রিকে অমানবিক আখ্যা দিয়ে বিদ্যা বলেন, বলিউড ইন্ডাস্ট্রি রহস্যজনক ও অমানবিক। কারণ অনেক সাফল্য থাকা সত্ত্বেও কেউ পর পর একাধিকবার অসফল হলেই তাকে ছুড়ে ফেলে দিতে দ্বিধা করে না। এটা মেনেই কাজ করতে হয়।

## শাহরুখ-বিজয়কে টপকে শীর্ষে আল্লু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দক্ষিণী সিনেমার সুপারস্টার আল্লু অর্জুন। প্রথম কোনো তেলেগু তারকা হিসেবে ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কারে সেরা অভিনেতার খেতাব জিতেছেন তিনি। 'পুষ্পা' সিনেমার জন্যই সেরার মুকুট মাথায় উঠেছে তার। এই সিনেমায় ব্যাপক সাফল্যের পর থেকেই দ্বিগুন হয়েছে অভিনেতার পারিশ্রমিক। বর্তমানে পারিশ্রমিকের দিক থেকে শীর্ষ স্থানে রয়েছেন আল্লু অর্জুন। সবচেয়ে বেশি পারিশ্রমিক প্রাপ্ত তারকাদের তালিকায় একেবারে প্রথমে নিজের নাম লেখালেন তিনি। অজস্র সুপারহিট ছবির মোট ব অফিস কালেকশনকেও নাকি ছাপিয়ে গেছে তার পারিশ্রমিক। এদিকে ব অফিসে মুক্তির অপেক্ষায় 'পুষ্পা টু'। 'ট্র্যাক টলিউড'-এর প্রতিবেদন অনুযায়ী এই ছবির জন্য নাকি প্রায় ৩০০ কোটি টাকা পারিশ্রমিক পেয়েছেন অভিনেতা। তার এই পারিশ্রমিকের অংক একাধিক সিনেমার মোট আয়, বহু তারকার বেতনের থেকে অনেক বেশি। এই প্রতিবেদন অনুযায়ী ভারতের সবচেয়ে বেশি পারিশ্রমিক প্রাপ্ত অভিনেতা এখন 'আইকন স্টার'। ২০২১ সালে মুক্তি পায় 'পুষ্পা' যা দর্শকমহলে বিপুল সাড়া ফেলে এই ছবি। এই ছবির খ্যাতি ছড়িয়ে পড়ে বিদেশেও। কোভিড পরবর্তী সময় যখন প্রেক্ষাগৃহ ধুঁকছে রীতিমতো, সেই সময়ে দাঁড়িয়েও দুর্দান্ত ব্যবসা করে এই ছবি। সেই থেকেই 'পুষ্পা টু' মুক্তির অপেক্ষায় ভক্ত-অনুরাগী থেকে শুরু করে সিনেমাপ্রেমীরা। আল্লু অর্জুনের আগে বিজয় থালাপতি ছিলেন এই তালিকার শীর্ষে। একাধিক মিডিয়া রিপোর্ট অনুযায়ী, থালপতি তার 'গট' ছবির জন্য ২০০ কোটি টাকা পারিশ্রমিক দাবি করেছিলেন। সেই ছবিতে তাকে দ্বৈত চরিত্রে দেখা যায়। তবে 'পুষ্পা টু' ছবির হাত ধরে সেই রেকর্ড ভাঙলেন আল্লু অর্জুন।

## ভোটের প্রচারে গিয়ে অসুস্থ গোবিন্দ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেতা গোবিন্দর সময়টা খুব খারাপ যাচ্ছে। মাসখানেক আগে তার পায়ে গুলি লেগেছিল। হাসপাতালে কিছুদিন থেকে সুস্থ হয়ে বাড়ি ফিরেছিলেন তিনি। আজ জানা গেছে, আবারও অসুস্থ হয়ে পড়েছেন এই অভিনেতা।গতকাল (১৬ নভেম্বর) রাজনৈতিক প্রচারণায় বেরিয়েছিলেন গোবিন্দ। হঠাৎ বুকে ব্যথা অনুভব করছিলেন এই অভিনেতা। সঙ্গে সঙ্গেই বাড়ির দিকে রওনা দেন তিনি। গোবিন্দ মহারাষ্ট্রের জলগাঁওয়ে শিবসেনা-বিজেপি-এনসিপি জোটের হয়ে ভোটের প্রচারণায় যোগ দিয়েছিলেন তিনি।

চলতি বছর শিবসেনায় যোগ দিয়েছেন গোবিন্দ। শনিবার মিছিলের মাঝপথে হঠাৎ অস্বস্তি শুরু হয় তার। সামান্য ব্যথাও অনুভব করেন বলে জানিয়েছেন তার পরিবারের সদস্যরা। কোনো রকম ঝুঁকি না নিয়ে তখনই বাড়ি ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেন গোবিন্দ।

পরিবার সূত্রে আরও জানা গেছে, বুকে অস্বস্তি শুরু হওয়ার সঙ্গে সঙ্গে গোবিন্দকে তখনই চিকিৎসার জন্য মুম্বাই নিয়ে যাওয়া হয়। তবে তিনি এখনো হাসপাতালে কি না সে বিষয়ে পরিবারের পক্ষ থেকে এখনো কোনো জানানো হয়নি।

গত অক্টোবর মাসে কলকাতায় যাওয়ার কথা ছিল গোবিন্দর। কিন্তু সকালে বিমানবন্দরের উদ্দেশে রওনা দেওয়ার আগেই বাড়িতে দুর্ঘটনা ঘটে যায়। তার লাইসেন্স করা পিস্তল হাত থেকে পড়ে গুলি লাগে তার পায়ে। হাঁটুর নিচে গুরুতর জখম হয়। প্রচুর রক্তক্ষরণও হয়েছিল। হাসপাতালে নিয়ে গেলে ৮-১০টি সেলাই দিতে হয়েছে। তিন দিন পর সেখান থেকে ছাড়া পান তিনি।

## এবার অজয়ের পরিচালনায় মুখ্য ভূমিকায় অক্ষয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অজয় দেবগান। যিনি শুধু অভিনয়ে নয় পরিচালনায়ও দক্ষ। ক্যামেরার নেপথ্যের কারিগরি এবং খুঁটিনাটি বিষয় সম্পর্কে ভালো ধারণা রয়েছে তার। পরিচালক হিসেবে তাঁর ঝুলিতে রয়েছে চার সিনেমা। এর আগে তাঁর পরিচালিত প্রত্যেকটি ছবিতে নিজেই মুখ্য চরিত্রে অভিনয় করেছিলেন অজয়। তবে এবার ভিন্ন পথেই হাঁটলেন অজয় দেবগণ। তার পরিচালিত সিনেমার মুখ্য ভূমিকায় দেখা যাবে অক্ষয় কুমারকে।

ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদন বলা হয়, খিলাড়ি কুমার যখন ব অফিসে ফ্লপের পাহাড়ে ডুবে, ঠিক সেইসময়েই পরিচালক তথা সহকর্মী অজয় দেবগণ ভরসা রাখলেন অক্ষয়ের উপর। এই প্রথমবার অজয় পরিচালিত ছবির মুখ্য চরিত্রে অভিনয় করছেন অক্ষয় কুমার। হিন্দুস্থান টাইমস লিডারশিপ সামিটের মঞ্চে এই ঘোষণা করলেন অজয় দেবগণ। তিনি বলেন, 'আমি আর অক্ষয় একসঙ্গে একটা কাজ করছি। যেখানে পরিচালক এবং অক্ষয়কে দেখা যাবে মুখ্য ভূমিকায়।' গল্পটা কেমন, অ্যাকশন না কমেডি ঘরানার? সেই প্রশ্নের উত্তরে দুই তারকার ভাষ্য, 'এখনই এত বিশদে বলা যাবে না।' এর আগে 'ইউ মি অউর হাম', 'শিবায়', 'রানওয়ে ৩৪', 'ভোলা' চারটি সিনেমার পরিচালনা করেছেন অজয় দেবগণ। সম্প্রতি রোহিত শেট্টির তারকাখচিত 'সিংহম এগেইন' ছবিতে একফেমে ধরা দিয়েছেন অক্ষয় কুমার এবং অজয় দেবগণ।

## 'নেইমারকে চাই না, কারণ এটা হাসপাতাল নয়'



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আল হিলালের সঙ্গে নেইমারের চুক্তির মেয়াদ আগামী বছরের জুনে শেষ হবে। এর পরেই ব্রাজিল ফিরে যাওয়ার সম্ভাবনা রয়েছে তার। এমনকি কিছু দিন আগে স্প্যানিশ ক্রীড়া দৈনিক স্পোর্ট জানায়, ৩২ বছর বয়সী এই তারকা ফরোয়ার্ড ইতোমধ্যে তার শৈশবের ক্লাব সান্তোসের সঙ্গে যোগাযোগ করে সবুজ সংকেত দিয়েছেন। এর মানে, নেইমার ব্রাজিলে ফিরে গিয়ে সান্তোসে যোগ দিতে পারেন।

তবে, শুধুমাত্র সান্তোসই নয়, ব্রাজিলের অন্যান্য ক্লাবগুলোও নেইমারের প্রতি আগ্রহ দেখাতে পারে। বিশেষ করে সান্তোসের নগর প্রতিদ্বন্দ্বী পালমেইরাসও তার নাম সামনে রেখেছে। তবে, পালমেইরাসের সভাপতি লেইলা পেরেইরা এই সম্ভাবনাকে উড়িয়ে দিয়েছেন। ইউএলও সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে, ৬০ বছর বয়সী ক্রীড়া সংগঠক ও ব্যবসায়ী নেইমারের চোটের পরিস্থিতি নিয়ে তাচ্ছিল্যের সুরে কথা বলেছেন। তবে, তার খেলার প্রতি অবশ্যই প্রশংসা রয়েছে।

চোট ও নেইমার অনেক আগে থেকেই সমার্থক হয়ে উঠেছে। এক বছর পর সম্প্রতি মাঠে ফিরলেও নতুন করে চোটে পড়ে আবারও এক মাসের জন্য ছিটকে গেছেন তিনি।

এমন আনফিট খেলোয়াড়কে দলে দরকার নেই বলে সাক্ষাৎকারে জানিয়েছেন পালমেইরাস সভাপতি লেইলা পেরেইরা, 'নেইমারকে পালমেইরাসে চাই না। কারণ, এই ক্লাব কোনো চিকিৎসা বিভাগ (হাসপাতাল) নয়। আমি এমন একজনকে চাই, যে অচিরেই দলে আসতে পারে, কোচের চাওয়া অনুযায়ী আগামীকালই খেলতে নেমে যেতে পারে। আনফিট কারও ক্লাবে সই করা আমি মেনে নেব না।'

নেইমারকে প্রশংসায় ভাসিয়ে লেইলা পেরেইরা আরও বলেছেন, 'সে অনেক বড় মাপের খেলোয়াড়। তবে সে এখানে আসবে না, সান্তোসে যাবে। যদিও আমি ঠিক জানি না। প্রশ্নটা আপনাকে সান্তোসকে করতে হবে। এতে আমার কোনো অসুবিধা নেই।'

## অপ্রতিরোধ্য হালান্ডের ২৫তম হ্যাটট্রিকে শীর্ষে নরওয়ে



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন: ক্লাব কিংবা জাতীয় দল, মঞ্চ যাই হোক না কেন, প্রতিপক্ষের গোলমুখে সবসময় ভয় র এক নাম আর্লিং হালান্ড। এবার তার ক্ষুণে মানসিকতায় বিধস্ত হলো কাজখস্তান। তারকা এই স্ট্রাইকারের হ্যাটট্রিকে অনায়াস জয়ে উয়েফা নেশন্স লিগের শীর্ষ পর্যায়ে জায়গা করে নিল নরওয়ে।

দেশের মাটিতে রবিবার (১৭ নভেম্বর) গ্রুপ পর্বের শেষ রাউন্ডে দাপুটে ফুটবলে ৫-০ গোলে জিতেছে নরওয়ে। 'বি' লিগের তিন নম্বর গ্রুপের সেরা হয়ে 'এ' লিগে উঠেছে তারা। ছয় ম্যাচে চার জয় ও এক ড্রয়ে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপ সেরা নরওয়ে। ১১ পয়েন্ট নিয়ে দুইয়ে অস্ট্রিয়া। স্লোভেনিয়া ৮ পয়েন্ট নিয়ে তিনে আর তলানিতে কাজখস্তানের পয়েন্ট ১।

দেশের ফুটবল ইতিহাসের সর্বোচ্চ গোলদাতার রেকর্ডটি গত মাসে গড়েন হালান্ড। রেকর্ড ভাঙা-গড়ার খেলায় ছুটে চলা ম্যানচেস্টার সিটি তারকা জাতীয় দলের হয়ে জালের দেখা পেয়েছেন গত ম্যাচেও, স্লোভেনিয়ার বিপক্ষে ৪-১ ব্যবধানে জয়ের পথে। সেই ধারাবাহিকতায় এদিন ২৩তম মিনিটে প্রথম গোলটি করেন হালান্ড। সতীর্থের প্রচেষ্টা ব্যর্থ হওয়ার পর ফিরতি বল পেয়ে জালে পাঠান তিনি। ৩৭তম মিনিটে হেডে ব্যবধান দ্বিগুণ করার পর, ৭১তম মিনিটে ব র বাইরে থেকে শটে হ্যাটট্রিক পূরণ করেন ২৪ বছর বয়সী ফরোয়ার্ড।

ক্লাব ফুটবল ও জাতীয় দল মিলিয়ে হালান্ডের এটা ২৫তম হ্যাটট্রিক। এর মধ্যে চারটি দেশের হয়ে। সবচেয়ে বেশি ১১টি হ্যাটট্রিক তিনি করেছেন ম্যানচেস্টার সিটির হয়ে। আর সালসবুর্কের হয়ে পাঁচটি, বরুশিয়া ডর্টমুন্ডের হয়ে চারটি ও মো ার হয়ে একটি। জাতীয় দলের হয়ে ৩৯ ম্যাচে হালান্ডের মোট গোল হলো ৩৮টি। এবারের নেশন্স লিগে এখন পর্যন্ত সাত গোল করে তিনিই তালিকার শীর্ষে। চলতি মৌসুমে ক্লাব ও আন্তর্জাতিক ফুটবল মিলিয়ে তিন হ্যাটট্রিকে মোট ২২ গোল হয়ে গেল হালান্ডের। হালান্ডের শেষ গোলটির আগে ও পরে জালের দেখা পান আলেকসান্দার সরলথ ও আন্তোনিও নুসা।

## নিউজিল্যান্ডকে হারিয়ে শ্রীল ার সিরিজ জয়



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : টি-টোয়েন্টি সিরিজ ড্রয়ের পর ওয়ানডে সিরিজ নিজেদের করে নিল স্বাগতিক শ্রীল া। রবিবার পাল্লেকেলেতে বৃষ্টিবিঘ্নিত ম্যাচে নিউজিল্যান্ডকে ৩ উইকেটে হারিয়ে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ নিজেদের করে নিল ল নরা। ২০২৪ সালে এটি শ্রীল ার পঞ্চম সিরিজ জয়।

ক্যান্ডিতে নিউজিল্যান্ড ও শ্রীল া দুই দলেরই ব্যাটিং ব্যর্থতা ছিল চোখে পড়ার মতো। মার্ক চাপম্যান ও মিচেল হে সেই দুর্যোগ সামলে নেওয়ায় টেনেটুনে দুইশ পার করে ব্লাক ক্যাপরা। ২১০ রানের লক্ষ্য দিয়েও তারা ল নদের ঘাড়ে চেপে বসেছিল। স্বাগতিকদের হয়ে কেবল একজনই লড়লেন- কুশল মেন্ডিস। তিন নম্বরে ব্যাটিংয়ে নেমে অন্য প্রান্তের সঙ্গীদের কেবল আসা যাওয়া দেখেছেন তিনি। কিন্তু ঘাবড়ে যাননি। ঠাণ্ডা মাথায় ম্যাচ বের করে নেন। মেন্ডিসের ব্যাটিংয়ে ভর করে শ্রীল া দ্বিতীয় ওয়ানডে জেতে ৩ উইকেটে। ১০২ বল খেলে ৭৪ রান করে অপরাজিত ছিলেন তিনি।

## নেশন্স লিগ: হাঙ্গেরিকে উড়িয়ে কোয়ার্টার ফাইনালে নেদারল্যান্ডস



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : হাঙ্গেরিকে উড়িয়ে উয়েফা নেশন্স লিগের কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করেছে নেদারল্যান্ডস। ঘরের মাঠে শনিবার দিবাগত রাতে হাঙ্গেরির বিপক্ষে ৪-০ ব্যবধানে জয় তুলে নিয়ে শেষ আট নিশ্চিত করে ডাচরা।

এই জয়ে ৫ ম্যাচ থেকে ৮ পয়েন্ট নিয়ে 'এ৩' গ্রুপের পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে অবস্থান নিয়েছে নেদারল্যান্ডস। সমান ম্যাচ থেকে ৫ পয়েন্ট নিয়ে হাঙ্গেরি আছে তৃতীয় স্থানে। শেষ ম্যাচে জার্মানিকে কমপক্ষে ৮ গোলের ব্যবধানে হারাতে পারলে এবং বসনিয়ার কাছে নেদারল্যান্ডস কমপক্ষে ১-০ ব্যবধানে হারলে সুযোগ তৈরি হতে পারে হাঙ্গেরির। যেটাকে আপাতদৃষ্টিতে অসম্ভব সমীকরণই বলা যায়।

হাঙ্গেরির বিপক্ষে প্রথমার্ধে নেদারল্যান্ডসের দুটি গোলই আসে পেনাল্টি থেকে। সপ্তম মিনিটে হাঙ্গেরির টমাস নিকিটসের পেনাল্টি এরিয়ায় হ্যান্ডবল করেন। এটার বিষয়ে সিদ্ধান্ত নিতে প্রায় ১৩ মিনিট খেলা বন্ধ থাকে। শেষে পেনাল্টি র সিদ্ধান্ত দেন রেফারি। পেনাল্টি থেকে ওয়াউট ওয়েগহর্স্ট গোল করে এগিয়ে নেন দলকে।

প্রথমার্ধের যোগ করা সময়ে আবারও পেনাল্টি পায় নেদারল্যান্ডস। এবার নেদারল্যান্ডসের ডনিয়েল মালেনকে ব র মধ্যে ফাউল করেন হাঙ্গেরির জেস ন্যাগি। রেফারি পেনাল্টি র নির্দেশ দেন। পেনাল্টি থেকে কোডি গাকপো গোল করেন। তাতে ২-০ ব্যবধানে এগিয়ে থেকে বিরতিতে যায় ডাচরা। বিরতির পর ৬৪ মিনিটে মালেনের বাড়িয়ে দেওয়া বল পেয়ে ডান পায়ের শটে গোল করে ব্যবধান আরও বাড়ান ডেঞ্জেল ডামফিস। আর ৮৫ মিনিটে ডামফিসের বাড়িয়ে দেওয়া ক্রসে হেড নিয়ে টিউন কোপমেইনারস গোল করে ৪-০ ব্যবধানের জয় নিশ্চিত করেন। এতে ডাচদের কোয়ার্টার ফাইনাল নিশ্চিত হয়।

## বিতর্কিতভাবে ক্লাব বিশ্বকাপে ইন্টার মায়ামির নাম ঘোষণা



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ২০২৫ ক্লাব বিশ্বকাপ অনুষ্ঠিত হবে নতুন নিয়ম অনুযায়ী। বিশ্বের প্রতিটি দেশের ক্লাবগুলোর মধ্য থেকে বাছাইকৃত ৩২টি ক্লাব অংশ নেবে আগামীবছর অনুষ্ঠিতব্য ক্লাব বিশ্বকাপে। ওই আসরের আয়োজক মার্কিন যুক্তরাষ্ট্র। আয়োজক দেশ নিয়ে চলছিল বিতর্ক।

এই বিতর্কের মাঝেই আগামী বছর অনুষ্ঠিতব্য এই ক্লাব বিশ্বকাপের জন্য আয়োজক দেশের ক্লাব হিসেবে ইন্টার মায়ামির নাম ঘোষণা করেছেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো।

ফিফার সিদ্ধান্ত ঘোষণার আগেই বিতর্ক শুরু হয়েছিল। বিতর্কের মাঝেই ২০২৫ সালের ক্লাব বিশ্বকাপে লিয়োনেল মেসির ক্লাব ইন্টার মায়ামিকে খেলার অনুমতি দিয়েছে তারা। নিজেদের তৈরি করা নিয়ম নিজেরাই ভেঙেছে ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা। ফলে বিতর্ক আরও বাড়ছে।


আগামী বছর ১৫ জুন থেকে ১৩ জুলাই হবে ক্লাব বিশ্বকাপ। এই বিশ্বকাপের জন্য আয়োজক দেশের ক্লাব হিসাবে মায়ামির নাম ঘোষণা করতে গিয়ে ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো বলেন, '২০২৪ সালের সাপোর্টার্স শি দুর্দান্ত খেলায় মায়ামি ক্লাব বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করেছে। বিশ্বের অন্যতম সেরা ক্লাব মায়ামি। তাই আয়োজক দেশের প্রতিনিধি হিসাবে ওদের নাম ঘোষণা করতে পেরে আমি গর্বিত।'

মূলত, নিয়ম হলো ক্লাব বিশ্বকাপে আয়োজক দেশের লিগ চ্যাম্পিয়ন ক্লাব সুযোগ পায়। এবারের মেজর লিগ সকারে প্লে-অফ থেকে বাদ পড়েছে মায়ামি। ফলে মেজর সকার লিগ কাপ জেতার সুযোগ আর তাদের নেই।

কিন্তু গ্রুপ পর্বে ৩৪টি ম্যাচে রেকর্ড ৭৪ পয়েন্ট পেয়েছে তারা। মেজর লিগের ইতিহাসে তা সর্বাধিক। ফলে সাপোর্টার্স শি জিতেছে মায়ামি। সে কারণে তাদের ক্লাব বিশ্বকাপে জায়গা দেওয়া হয়েছে বলে জানানো হচ্ছে ফিফার পক্ষ থেকে।

ফুটবলের সর্বোচ্চ নিয়ামক সংস্থা ফিফার এই সিদ্ধান্তের সমালোচনা শুরু হয়েছে। অভিযোগ, মেসিকে এই টুর্নামেন্টে রাখতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মেসির মুখ ব্যবহার করে ব্যবসার জন্য ফিফা নিয়ম ভেঙে এ কাজ করেছে বলে অভিযোগ।

## ৩৪ বছর বয়সে অবসর নেবেন ডেম্বেলে



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : নেইমার জুনিয়রের বিকল্প হিসেবে কিলিয়ান এমবাপ্পেকে কিনতে চেয়েছিল বার্সেলোনা। কিন্তু গতি, ড্রিবলিং ও দুই পায়ে সমান পারদর্শী উসমান ডেম্বেলে বেশি প্রতিভাবান মনে হয়েছিল বার্সা বোর্ডের। যে কারণে বরুশিয়া ডর্টমুন্ড থেকে মোটা অ র অর্থে তাকে ক্যাম্প ন্যুতে ভিড়িয়েছিল কাতালানরা।

ইনজুরির কারণে ১৬০ মিলিয়ন ইউরোর ডেম্বেলে বার্সার জার্সিতে প্রতিভার প্রতি সুবিচার করতে পারেননি। ছয় মৌসুমে ১৮৫ ম্যাচে করেন ৪০ গোল। পিএসজি'তেও ধারাবাহিক নন তিনি। চলতি মৌসুমে ৫৫ ম্যাচে ১১ গোল তার নামের পাশে। ওই ডেম্বেলে জানিয়ে দিয়েছেন কবে পেশাদার ফুটবলকে বিদায় বলবেন। অবসরের পর কী করবেন তাও জানিয়ে দিয়েছেন। রিয়াল মাদ্রিদ মিডফি ার অঁরেলিন চুয়ামেনির সঙ্গে এক আলাপে ফান্স ফরোয়ার্ড বলেন, আমি ৩৪ বছর বয়সে অবসর নিতে চাই। এরপর আমি আফ্রিকা ও ফান্সে প্রোপার্টির (জমি ও সম্পত্তি) ব্যবসা করতে চাই।'

উসমান ডেম্বেলের বর্তমান বয়স ২৭ বছর। ওই হিসেবে আরও সাত বছর তিনি শীর্ষ পর্যায়ের ফুটবল খেলতে চান। বর্তমান সময়ে রোনালদো, মেসি, মডরিচরা ৩৭-৩৮ বছর পেরিয়ে দাপটের সঙ্গে ফুটবল খেলছেন সেখানে ৩৪ বছর কমই মনে হবে। তবে ডেম্বেলের মতো ইনজুরি প্রবণ একজনের জন্য ফিট থেকে ৩৪ বছর খেলে যাওয়াও একেবারে সহজ হবে না।

## ভারতের পেস আক্রমণের দাপট, শান্তির ঘুম নেই অস্ট্রেলিয়ারও



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আপশোস ভারতীয় শিবিরে কিছুটা থাকতেই পারে। ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে টার্নিং পিচ না বানালে কি অন্যরকম রেজা হতে পারত? পারথ টেস্টের প্রথম দিন এমন প্রশ্নই উকি দিচ্ছে। পারথে টস জিতে বুমরা ব্যাটিং নেওয়ায় কিছুটা চিন্তা ছিল। তা আরও বাড়ে টপ অর্ডার ব্যাটারদের পারফরম্যান্সে। লোকেশ রাহুল, নীতীশ রেড্ডি এবং ঋষভ পন্থের কিছুটা অবদান। প্রথম ইনিংসে মাত্র ১৫০ রানেই গুটিয়ে যায় ভারত। এত কম রান নিয়ে লড়াই করা কঠিন। জসপ্রীত বুমরা-মহম্মদ সিরাজ-হর্ষিত রানাদের সৌজন্যে শান্তিতে ঘুমোনোর সুযোগ নেই অস্ট্রেলিয়ারও।

পারথের পিচে পেসাররা সুবিধা পাবেন, এ আর নতুন কিছু নয়। যে দল ভালো ব্যাট করবে, অ্যাডভান্টেজ তারাই। দু-দলের টপ অর্ডারই ব্যর্থ। প্রথম স্পেলেই তিন উইকেট নিয়ে অস্ট্রেলিয়াকে ব্যাকফুটে ঠেলে দিয়েছিলেন ভারত অধিনায়ক জসপ্রীত বুমরা। টেস্ট, তথা আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকে প্রথম স্পেলেই ট্রাভিস হেডের বড় উইকেট হর্ষিত রানার। দিনের খেলা আরও জমিয়ে দেন মহম্মদ সিরাজ। মিচেল মার্শ ও মার্নাস লাবুশেনকে ফেরান। মাত্র ৪৭ রানেই ষষ্ঠ উইকেট হারায় অস্ট্রেলিয়া।

ভারতের উচ্ছ্বাসের এখানেই শেষ নয়। প্রথম দুটো স্পেল এক প্রান্ত থেকে করেছিলেন। শেষ দিকে প্রান্ত বদলালেন জসপ্রীত বুমরা। ক্রিজে তখন অ্যালে ক্যারির সঙ্গে অধিনায়ক প্যাট কামিন্স। নতুন প্রান্ত, নতুন স্পেল, ক্যাপ্টেন কামিন্সকে ফেরান ক্যাপ্টেন জসপ্রীত বুমরা। ৬৭ রানে ৭ উইকেট অস্ট্রেলিয়ার কিংবদন্তিরা কমেন্ট্রি ব পরিসংখ্যান পরীক্ষা করে দেখছেন, অস্ট্রেলিয়ার সর্বনি স্কোর কত। অ্যালে ক্যারির সঙ্গে ক্রিজে যোগ দেন মিচেল স্টার্ক। এই জুটি ভাঙতে পারলে দ্রুতই অস্ট্রেলিয়াকে গুটিয়ে দেওয়া যাবে, ভারতীয় শিবিরের তা অজানা নয়।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR